

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে  
মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী জনাব আবু মুসা এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারী রহিয়াছে, এবং

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে আগামী ০৯-১১-১৫ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীর নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
(১)	জনাব আবু মুসা, ব্যবস্থাপনা পরিচালক, ডেনিম গার্মেন্টস লিঃ, ২৬/১, এলিফ্যান্ট রোড, ঢাকা। পিতা মৃত-ইমাম উদ্দিন, সাং-আধারা, থানা-মুন্সীগঞ্জ, জেলা-মুন্সীগঞ্জ।	মেট্রোঃ বিশেষ মামলা নং ৩৪/১৫, (সূত্রঃ ধানমন্ডি থানার মামলা নং ৫১, তারিখ ৩১-০১-১৯৯৫ ইং) C.S.U/S 409/406/420/467/468/47/ 477(A)/ 109 BPC & Sec. 5(2) & Act II/47.

মোঃ কামরুল হোসেন মোল্লা

মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে  
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ৮৫৫১ )

মূল্য : টাকা ৪.০০